

প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ১২ মার্চ ২০২৩

বিষয়: "হংকং ফ্লাওয়ার শো-২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানসহ সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রথমবারের মত বাংলাদেশের অংশগ্রহণ"

১০-১৯ মার্চ ২০২৩ পর্যন্ত অনুষ্ঠিতব্য দশদিন ব্যাপী হংকং ফ্লাওয়ার শো ২০২৩-এ হংকংস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল অংশগ্রহণ করেছে। 'হাইড্রেনজা ফুল' কে থিম করে হংকং লেইজার ও কালচারাল সার্ভিসেস ডিপার্টমেন্ট কর্তৃক আয়োজিত এই অনুষ্ঠানে দেশ-বিদেশের অসংখ্য ফুল, গাছের সমারোহ রয়েছে। এ উপলক্ষে গত ১০ মার্চ ২০২৩ এ অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশের কনসাল জেনারেল, মিজ ইসরাত আরা অংশগ্রহণ করেন। হংকং লেজিসলেটিভ কাউন্সিল-এর প্রেসিডেন্ট জনাব এনড্রিয় লেয়াং কিন-ইউয়েন, জিবিএম, জিবিএস, জেপি উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ফুলের প্রদর্শনের পাশাপাশি এ উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ফটোগ্রাফি প্রতিযোগিতা, গান ও নাচ সহ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে, যেখানে আজ বাংলাদেশ প্রথমবারের মত অংশগ্রহণ করেছে। বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের উদ্যোগে দুজন বাংলাদেশি এতে অংশগ্রহণ করেন। হংকং পলিটেকনিক বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষে অধ্যয়নরত বাংলাদেশী শিক্ষার্থী মিজ শ্রেয়া বিশ্বাস এবং হংকং এ কর্মরত নারীকর্মী মিজ কানিজ ফেরদৌস মিম ক্লাসিক্যাল সহ বাংলাদেশের ফোক নৃত্য পরিবেশন করেন, যা উপস্থিত দর্শকদের মুগ্ধ করে। সাংস্কৃতিক অনুষ্ঠানের শুরুতে হংকং ফ্লাওয়ার শোর চেয়ারম্যান, মিজ টিনা-এর পক্ষ থেকে কনসাল জেনারেল মিজ ইসরাত আরাকে বাংলাদেশের অংশগ্রহণের জন্য শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়, যা গ্রহণ করেন কনসাল জনাব জাহিদুর রহমান। সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশের অংশগ্রহণের জন্য হংকং লেইজার ও কালচারাল সার্ভিসেস ডিপার্টমেন্ট কর্তৃক বাংলাদেশ কনস্যুলেট এর প্রতি বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। উল্লেখ্য, বাংলাদেশ ছাড়াও ফিলিপাইন, ইন্দোনেশিয়া ও হাওয়াই এর শিল্পীগন এতে নৃত্য পরিবেশন করে।

